

U.G. 2nd Semester Examination - 2021**BENGALI
[HONOURS]****Course Code : BBNGCCHT201****Course Title : ছন্দ ও অলংকার**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$

- ক) 'যতি' কাকে বলে?
- খ) শ্বাসাঘাত কাকে বলে?
- গ) 'পয়ার'-এর প্রতি চরণের প্রথম পর্বের মাত্রাসংখ্যা কত?
- ঘ) একজন কবি ছন্দসিকের নাম লেখো।
- ঙ) কোন্ ছন্দের শোষণশক্তি সবচেয়ে বেশি?
- চ) লঘু ত্রিপদীর মাত্রাসংখ্যা কত?
- ছ) 'অপরাজিতা' শব্দটিতে কটি মুক্তদল আছে?
- জ) কোন্ ছন্দরীতির উপর 'ধামালী ছন্দ' প্রতিষ্ঠিত?
- ঝ) ব্যতিরেক অলংকারের সংজ্ঞা লেখো।
- ঞ) কোনো বর্ণের বা বর্ণগুচ্ছের বার বার উচ্চারণের দ্বারা যে অলংকার সৃষ্টি হয় তার নাম কী?

- ট) 'ভারত ভারতখ্যাত আপনার গুণে' — এটি কোন্ অলংকার?
- ঠ) 'অপহৃতি' ও 'নিশ্চয়' অলংকারের মূল প্রভেদ কোথায়?
- ড) 'রূপক' অলংকারে ত্রিণ্যাপদটি সাধারণত কার অধীনস্থ থাকে?
- ঢ) 'তুমি অচপল দামিনী' — এটি কী ধরণের রূপক অলংকার?
- ণ) 'দৃষ্টান্ত' অলংকারে উপমেয় ও উপমানের অবস্থান কেমন হয় তা উল্লেখ করো।

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

- ক) ছন্দের পরিভাষায় অক্ষর কাকে বলে? অক্ষরের অপর আর এক নাম কী?
- খ) উদাহরণসহ অতিপর্ব কাকে বলে বুঝিয়ে দাও।
- গ) পয়ার ও মহাপয়ারের পার্থক্য লেখো।
- ঘ) ছন্দের বিষয়ে লেখা প্রবোধচন্দ্র সেনের দুটি গ্রন্থের নাম লেখো।
- ঙ) উদাহরণসহ শ্লেষ ও যমকের পার্থক্য নিরূপণ করো।
- চ) 'পরপারে দেখি আঁকা তরুছায়া মসীমাখা' — এখানে কোন্ অলংকার ব্যবহৃত হয়েছে?
- ছ) 'উপমা' অলংকারের ক'টি অংশ ও কী কী?
- জ) 'বিরোধভাস' অলংকারের স্বরূপ একটি উদাহরণসহ স্পষ্ট করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $২ \times ৫ = ১০$

ক) ছন্দোলিপি প্রস্তুত করো (পর্ব, চরণ, মিল, লয় ও মাত্রা গণনারীতি নির্দেশ সহ):

‘দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার,

লঞ্জিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুঁশিয়ার’।

খ) সংজ্ঞাসহ অলংকার নিরূপণ করো:

‘দূরে বালুচরে কাঁপিছে রৌদ্র, নয় সে বিঁঝির পাখা’।

গ) সংজ্ঞাসহ অলংকার নিরূপণ করো:

‘রাবণ শ্বশুর মম মেঘনাদ স্বামী

আমি কি ডরাই সখী ভিখারী রাঘবে?’

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১ \times ১০ = ১০$

ক) শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

খ) ‘সনেট’ কাকে বলে? উদাহরণসহ সনেটের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

গ) উদাহরণসহ গদ্যছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
